বিআরডিবি, জেলা দপ্তর, খুলনা
ডাইরী নং ২৫৫৮ তারিখ ৩০/৯/২৬
ডিপিডি | অতি জরুরী/জরুরী
| দ্রুত ব্যবস্থা নিন
জুনিয়র অফিসার/ হিসাবরক্ষক | ব্যবস্থা নিন
| আলোচনা করুন
অফিস সহকারী/ ডাটা এন্ট্রি অপারেটর | পেশ করুন
| পুটস্থাপন করুন
হিসাব সহকারী | নথিজাত করুন
উপপরিচালক

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সেচ শাখা ডেস্ক-১
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৫১০.১৮.০০০১.২৫.১ তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩ / ২৯ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: সোনালী ব্যাংক (ফসলী) ঋণ কর্মসূচির মেয়াদোত্তীর্ণ খেলাপি আদায়।

সোনালী ব্যাংকের অর্থায়নে ফসলী ঋণ কার্যক্রমের আওতায় বিগত কয়েক দশকব্যাপী বিআরডিবি সমবায়ী কৃষকদের উৎপাদন বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। এ কর্মসূচির হালনাগাদ প্রতিবেদন পর্যালোচনায় যায় যে, জুন/২০২৬ মাসে এ খাতে মোট মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ ৪৩৮৩.৪৫ লক্ষ টাকা, তন্মধ্যে ৯টি জেলাতেই রয়েছে ১৭০১.২২ লক্ষ টাকা, যা মোট মেয়াদোত্তীর্ণ খেলাপির ৪৭.৮৫%। চলতি ২০২৬-২৭ অর্থবছরের প্রথম দু'মাসে অর্থাৎ আগস্ট/২০২৬ পর্যন্ত মেয়াদোত্তীর্ণ খেলাপি পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়ে ১৭০৬.৬৩ লক্ষ টাকায় উন্নীত হয়েছে (প্রতিবেদন সংযুক্ত)।

০২। উল্লিখিত ৯টি জেলার সোনালী ব্যাংক (ফসলী) কর্মসূচির মেয়াদোত্তীর্ণ ঋণ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে, যা অত্যন্ত উদ্বেগজনক। এ বিষয়ে সোনালী ব্যাংক প্রধান কার্যালয় হতে খেলাপি ঋণ পরিশোধের জন্য পুনঃপুন তাগাদা প্রদান করায় বিব্রতকর পরিস্থিতিতে পড়তে হচ্ছে।

০৩। এমতাবস্থায়, বাস্তবসম্মত কর্মপরিকল্পনা ও ক্র্যাশ প্রোগ্রাম গ্রহণপূর্বক ৩১ ডিসেম্বর ২০২৬ এর মধ্যে সোনালী ব্যাংকের মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ আদায়সহ সামগ্রিক ঋণ আদায়ের অগ্রগতি কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নীতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৯ জেলার সোনালী ব্যাংক (শস্য) ঋণ কার্যক্রমের অগ্রগতি (আগস্ট ২০২৬ পর্যন্ত).pdf

২৯-০৯-২০২৬
ফারুক আহমেদ জোয়ার্দার
যুগ্মপরিচালক (সিসিএম)
+৮৮০২৫৫০১১৭৩১ (ফোন)

উপপরিচালক, বিআরডিবি, সকল জেলা।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৫১০.১৮.০০০১.২৫.১/১ (৪) তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩ / ২৯ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে:

১। বিভাগীয় যুগ্মপরিচালক, বিআরডিবি, সকল বিভাগ।

২। উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বিআরডিবি, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ-সহ।

৩। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৯-০৯-২০২৬
আরিফুল হক
উপপরিচালক (সেচ)

স্মারক নং- ৪৭.৬২.৪৭০০.০০০.৮৫৪.০২.০০০৫.১৭. ৯১৪

তারিখ: ০১/১০/২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), বিআরডিবি, দিঘলিয়া/ডুমুরিয়া উপজেলা, খুলনা। পত্রের নির্দেশনা অনুযায়ী সোনালী ব্যাংক (ফসলী) ঋণ কর্মসূচির মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়সহ সামগ্রিক ঋণ আদায়ের অগ্রগতি কাঙ্ক্ষিত পর্যায়ে আগামী ডিসেম্বর ২০২৬ এর মধ্যে উন্নীতকরণের জন্য কর্মপরিকল্পনা ও ক্র্যাশ প্রোগ্রাম প্রণয়ন করে আগামী ০৮/১০/২০২৬ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

02.10.2026

মো: কামরুজ্জামান
উপপরিচালক
ফোন: ০২৪৭৭-৭০০১৬৯
E-mail:ddkhulna@brdb.gov.bd